

বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৩৭৮

পর্ব - ১৩ঃ কসম ও মানত প্রসঙ্গ (كتاب الأيمان والنذور)

পরিচ্ছেদঃ শরীয়ত বিরোধী না হলে নির্দিষ্ট স্থানে মানত পূর্ণ করার বৈধতা

আরবী

وَعَنْ ثَابِتِ بْنِ الضَّحَّاكِ - رَضِيَ اللَّهُ عَنْهُ - قَالَ: نَذَرَ رَجُلٌ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - أَنْ يَنْحَرَ إِبِلًا بِبُؤَانَةٍ، فَأَتَى رَسُولَ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - فَسَأَلَهُ: فَقَالَ: «هَلْ كَانَ فِيهَا وَثْنٌ يُعْبَدُ». قَالَ: لَا. قَالَ: «فَهَلْ كَانَ فِيهَا عِيدٌ مِنْ أَعْيَادِهِمْ» فَقَالَ: لَا. فَقَالَ: «أَوْفِ بِنَذْرِكَ؛ فَإِنَّهُ لَا وَفَاءَ لِنَذْرٍ فِي مَعْصِيَةِ اللَّهِ، وَلَا فِي قَطِيعَةِ رَحِمٍ، وَلَا فِيمَا لَا يَمْلِكُ ابْنُ آدَمَ». رَوَاهُ أَبُو دَاوُدَ، وَالتَّبْرَانِيُّ وَاللَّفْظُ لَهُ، وَهُوَ صَحِيحُ الْإِسْنَادِ

صحيح. رواه أبو داود (3313)، والطبراني في «الكبير» (2/ 57 - 1341 / 76)

বাংলা

১৩৭৮। সাবিত ইবনু যাহহাক (রাঃ) হতে বর্ণিত; তিনি বলেন, কোন এক লোক রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুগে বুওয়ানা নামক স্থানে একটা উট যাবাহ করার জন্য নযর মেনেছিল। সে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকটে এসে তাকে জিজ্ঞেস করায় তিনি তাকে বললেন, ঐ স্থানে কি কোন ঠাকুরের মূর্তি ছিল যার পূজা করা হতো? সে বললো, না। তিনি বললেন, সেখানে কি মুশরিকদের কোন ঈদের মেলা হত? সে বললো, না; তা হত না। এবারে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি তোমার নযর পূরণ কর, কেননা কোন পাপ কাজের নযর, আত্মীয়তা ছিন্ন করার নযর, মানুষ যার অধিকারী নয় এমন বস্তুর নযর পূরণ করার বিধান নেই।[1]

English

Narrated Thabit bin ad-Dahhak (RA):

that in the time of Allah's Messenger (ﷺ) a man took a vow to slaughter camels at Bawana. So, he came to Allah's Messenger (ﷺ) and asked him (about that). Allah's Messenger (ﷺ) asked, "Did the place contain any idol which was worshiped (during Jahiliyya era)?" He said, "No." He asked "Were any of their (Jahiliyya) festivals observed there?" He said, "No." He then said (to the man), "Fulfill your vow, for there is no fulfillment of a vow to do an act of disobedience to Allah, now to break the ties of relationship, nor to do something over which a human being has no control." [Reported by Abu Dawud and at-Tabarani, and the wording is his (at-Tabarani). It has a sound chain of narrators].

ফুটনোট

[1] আবু দাউদ ৩৩১৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ সাবিত ইবন যাহহাক আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71189>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন